

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

টাংগাইল সদর উপজেলার সর্বস্তরের জনগণের প্রাণিজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়নের ক্ষেত্রে মির্জাপুর উপজেলায় অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে। সাম্প্রতিক অর্থবছর সমূহে ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ গবাদি পশুর জাত উন্নয়নে যথাক্রমে ১৮, ৭৮৪, ১৭, ২০৫, ১৯, ১৩৫ টি গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। উৎপাদিত সংকর জাতের বাছুরের সংখ্যা ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ৬, ৭৪৭, ৫, ৮৯১ ও ৬, ৮০৯ টি। বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে মির্জাপুর উপজেলায় ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ৬৫.৩৬, ৮৪.৩৫ ও ৯০.৭৪ লক্ষ গবাদিপশু ও পাখিকে টিকা প্রদান করা হয়েছে এবং ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ৪.৯৭, ৫.২৯ ও ৬.৬১ লক্ষ গবাদিপশু ও পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। খামারী সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ৪৩৮, ৪৩০ ও ৩, ০০৮ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান সহ যথাক্রমে ৫১, ৫২ ও ৫০ টি উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে। নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ উৎপাদনে ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ১৭৬, ১২১, ১৭৪ টি খামার/ফিডমিল/ হ্যাচারী পরিদর্শন, ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে যথাক্রমে ৪৫, ২৫ ও ৩০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ অর্থবছর সমূহে ০২ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।